

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৯৮/২০২২-২০২৩

ময়মনসিংহ, ১৭ জানুয়ারি, মঙ্গলবার ২০২৩, ০৩ মাঘ ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। মডেল মসজিদ মানুষকে ধর্মের নামে বিভ্রান্তি দূর করতে সহায়তা করবে: প্রধানমন্ত্রী
- ০২। র্যাবের ওপর মার্কিন নিষেধাজ্ঞা উঠে যেতে পারে শিগগিরই: স্বরাষ্ট্রমন্ত্রী
- ০৩। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উদ্যোগে ১৫ দিনব্যাপী পুষ্পমেলা শুরু
- ০৪। সব আদালতে সিসি ক্যামেরা স্থাপনের নির্দেশ
- ০৫। জেএসসি-জেডিসি পরীক্ষা বন্ধের অনুমোদন

০১। মডেল মসজিদ মানুষকে ধর্মের নামে বিভ্রান্তি দূর করতে সহায়তা করবে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রগুলো থেকে জনগণ ইসলামি মূল্যবোধ ও সংস্কৃতি সম্পর্কে প্রকৃত জ্ঞান লাভ করবে, যা সন্ত্রাস, জঙ্গিবাদ ও নারী নির্যাতন বন্ধে ব্যাপক অবদান রাখার পাশাপাশি ধর্মের নামে বিভ্রান্তি দূর করতে সহায়তা করবে। সোমবার (১৬ জানুয়ারি) সকালে গণভবন থেকে সারাদেশে ভার্চুয়ালি ৫০টি মডেল মসজিদের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী একথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, আজকের বাংলাদেশ, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক আজকের খবর ও দৈনিক উর্বিবাংলা প্রতিদিন।

০২। র্যাভের ওপর মার্কিন নিষেধাজ্ঞা উঠে যেতে পারে শিগগিরই: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান জানিয়েছেন, র্যাভের ওপরে যে মার্কিন নিষেধাজ্ঞা রয়েছে সেটা খুব শিগগিরই উঠে যেতে পারে। তিনি বলেন, ‘র্যাভ বর্তমানে যে কার্যক্রম করছে তাতে মার্কিন সরকার সন্তুষ্ট। তারা বলেছে, নিষেধাজ্ঞা উত্তরণে বাংলাদেশ সঠিক পথেই হাঁটছে।’ সোমবার (১৬ জানুয়ারি) দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক আজকের বাংলাদেশ ও দৈনিক ময়মনসিংহের কাগজ।

০৩। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উদ্যোগে ১৫ দিনব্যাপী পুষ্পমেলা শুরু

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের (মসিক) উদ্যোগে নগরীর টাউন হল প্রাঙ্গণে ১৫ দিনব্যাপী পুষ্পমেলা শুরু হয়েছে। সোমবার (১৬ জানুয়ারি) বেলা সাড়ে ১১টায় ফিতা কেটে এবং বেলায় উড়িয়ে পুষ্পমেলার উদ্বোধন করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু। মেলায় স্থাপিত ২২টি স্টলে দেশী-বিদেশি নানা জাতের ফুল, ফল ও বৃক্ষ জাতীয় গাছের চারা বিক্রি করা হচ্ছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক দেশের খবর, দৈনিক ময়মনসিংহের কাগজ ও দৈনিক হৃদয়ের বাংলা।

০৪। সব আদালতে সিসি ক্যামেরা স্থাপনের নির্দেশ

দেশের সব অধঃস্তন আদালত, ট্রাইব্যুনালের এজলাস, বিভাগ, ফটক ও আশেপাশে সিসি ক্যামেরা স্থাপনসহ সার্বিক নিরাপত্তা গ্রহণের নির্দেশ দিয়েছেন সুপ্রিম কোর্ট। সোমবার (১৬ জানুয়ারি) এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সেখানে সব আদালতে নিরাপত্তা জোরদারের বিষয়টি বলা হয়েছে। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক দেশের খবর ও দৈনিক উর্বিবাংলা প্রতিদিন।

০৫। জেএসসি-জেডিসি পরীক্ষা বন্ধের অনুমোদন

জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনুযায়ী পাবলিক বা বোর্ড পরীক্ষা গ্রহণের ব্যবস্থা না থাকায় জেএসসি ও জেডিসি পরীক্ষা বন্ধ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। ২০২৩ সাল থেকে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা বাদ দেয়ার সুপারিশ প্রধানমন্ত্রী অনুমোদন দিয়েছেন। সোমবার (১৬ জানুয়ারি) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব আন্তার উন নেছা শিউলীর সই করা এক বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা যায়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, আজকের বাংলাদেশ, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক আজকের খবর ও দৈনিক উর্বিবাংলা প্রতিদিন।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ময়মনসিংহের কাগজ:** দেশে কর্মরত বিদেশি কর্মীদের কাছ থেকে কর আদায়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) নানা ধরনের উদ্যোগ নিলেও সব উদ্যোগই ব্যর্থ হয়েছে বলে জানা গেছে। এ বিষয়ে সরকারকে আরো কঠোর হতে হবে।
- (খ) **দৈনিক স্বজন:** মাদক নিয়ন্ত্রণে ২০২১ সালের ২৯ নভেম্বর মন্ত্রিসভার বৈঠকে ‘কম্পিহেন্সিভ অ্যাকশন প্ল্যান’ বা সমন্বিত কর্মপরিকল্পনার খসড়া অনুমোদন দেয়া হয়। ২০২২ সালের ২৮ ফেব্রুয়ারি ঢাকা বিভাগে কার্যক্রম উদ্বোধনের মাধ্যমে প্রাথমিক যাত্রা শুরু হয় কম্পিহেন্সিভ অ্যাকশন প্লানের। এ কার্যক্রমের সঠিক বাস্তবায়নের মধ্য দিয়ে সুফল লাভ প্রত্যাশিত।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** দেশে নার্স সংকট প্রকট আকার ধারণ করেছে। যে কারণে একজন নার্সের কাজে যতটুকু চাপ নেয়ার কথা তার থেকে তাকে ছয়গুণ বেশি চাপ নিতে হচ্ছে। কর্মক্ষেত্রে তাদের মানসিক চাপ কমানোর ব্যবস্থা করা, কর্মঘণ্টা হ্রাস করা দরকার।
- (ঘ) **আজকের বাংলাদেশ:** সাম্প্রতিক চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়ার অগ্নিকাণ্ডে এক পরিবারের পাঁচজনের প্রাণহানির ঘটনাটি মর্মান্তিক। অগ্নিকাণ্ডে প্রাণহানি ও ক্ষয়ক্ষতি এড়াতে সব দুর্ঘটনার সূচু তদন্ত, বিল্ডিং কোড অনুসরণ এবং আবাসিক এলাকার পূর্ণাঙ্গ আবাসন মান বাড়াতে হবে যেকোনো উপায়ে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। স্মার্ট বাংলাদেশ: বিকশিত হোক নৈতিক মূল্যবোধ- মো. শামসুল হদা (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক আজকের ময়মনসিংহ)
- ০২। কৃষিশুমারি: প্রান্তিক ও ক্ষুদ্র চাষিই অর্থনীতির প্রাণকেন্দ্র- ড. মিহির কুমার রায় (দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক দেশের খবর, দৈনিক উর্ষিবাংলা প্রতিদিন ও দৈনিক হৃদয়ের বাংলা)

#